

যুগ্মান্তর

প্রিন্ট: ২২ ডিসেম্বর ২০২৪, ১১:০৫ এএম

সারাদেশ

জুলাই অভ্যুত্থান

ববি ছাত্রলীগের ২১ নেতাকর্মীর বিরুদ্ধে মামলার প্রস্তুতি



বরিশাল বুয়ো

প্রকাশ: ২০ ডিসেম্বর ২০২৪, ১০:৩৫ পিএম



জুলাই অঙ্গুরখানে হামলার ধর্মায় বারশাল বিশ্ববিদ্যালয় (বাব) হাত্রলাগের ২১ নেতাকর্মীর বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচে বিশ্ববিদ্যালয় প্রশাসন। জড়িত ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বৃহস্পতিবার উপাচার্য কার্যালয় থেকে এ সংক্রান্ত চিঠি প্রেরণ করা হয় রেজিস্ট্রার দপ্তরে।

স্ব স্ব বিভাগ থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ শেষে আগামী বছরের জানুয়ারি মাসে অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হতে পারে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে ববি শিক্ষার্থীদের সভায় হামলা ও আন্দোলনকারীদের পুলিশে ধরিয়ে দেওয়ার ঘটনায় এ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

অভিযোগপত্র বিশ্লেষণ এবং প্রষ্টর অফিসের বিশ্বস্ত সূত্রে এসব তথ্য পাওয়া গেছে।

এর আগে গত ৩ ডিসেম্বর রাতে উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শরমিনকে জুলাই অঙ্গুরখানে হামলায় জড়িতদের বিচারসহ ১৫টি শর্ত দিয়েছিলেন শিক্ষার্থীরা। ছাত্রলীগের এই ২১ নেতাকর্মী ববির বিভিন্ন বিভাগের বর্তমান ও সাবেক শিক্ষার্থী। ববিতে ছাত্রলীগের কোনো কমিটি না থাকলেও আওয়ামী সরকার পতনের আগে একাধিক গ্রন্থে ভাগ হয়ে নেতাকর্মীদের বিভিন্ন কার্যক্রম পরিচালনা করত।

অভিযুক্ত শিক্ষার্থীরা হলেন- আইন বিভাগের অমিত হাসান রক্তিম ও মাহামুদুল হাসান তমাল, গণিত বিভাগের মোবাশ্বের রিদম ও আবিদ হাসান, মার্কেটিং বিভাগের শরীফ, হিসাববিজ্ঞান বিভাগের আবুল খায়ের আরাফাত ও শরিফুল ইসলাম, বাংলা বিভাগের রাকিবুল হাসান ও সাবিব হোসেন, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের আল সামাদ শান্ত ও খালিদ হাসান রুমি, অর্থনীতি বিভাগের সরোয়ার আহমেদ সাইফ, লোকপ্রশাসন বিভাগের প্রসেনজিঁৎ কুমার, কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের শওকত হোসেন, ব্যবস্থাপনা বিভাগের ইরাজ রববানী। এছাড়া ব্যবস্থাপনা বিভাগের ফিরোজুল ইসলাম নয়ন ও ইমরান হোসেন নাইম, আইন বিভাগের নাইম উদ্দিন ও শাখাওয়াত হোসেন অনু, হিসাববিজ্ঞান বিভাগের সৈয়দ রূম্যান ইসলাম ও অর্থনীতি বিভাগের মো. রাজিব মণ্ডল।

বাব রোজস্ট্রার মানবুল হসলাম বলেন, ৬পাঠায় দপ্তর থেকে আমাকে ১৩১১ দিয়ে দুটি খণ্ডন আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়েছে। এ ব্যাপারে আগামী সপ্তাহে উপাচার্য মহোদয়ের সঙ্গে কথা বলে পদক্ষেপ নেওয়া হবে।

প্রষ্টর ও রেজিস্ট্রার দপ্তর সুত্রের তথ্যানুযায়ী, চলতি বছরের ২৯ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সভায় হামলা করেছে ছাত্রলীগের পরিচয়ধারী বর্তমান ও সাবেক ১১ শিক্ষার্থী। তারাই ১ আগস্ট আন্দোলনে নেতৃত্বান্কারীদের পুলিশে ধরিয়ে দিয়েছিল। এসব ঘটনায় ১১ শিক্ষার্থীকে প্রাথমিকভাবে চিহ্নিত করেছে আন্দোলনকারী ববি শিক্ষার্থীরা।

নাম প্রকাশ না করার শর্তে ববির একাধিক শিক্ষক প্রায় একই সুরে বলেন, ছাত্রদের তিনটি পক্ষ অভিযুক্তদের নামের তালিকা জমা দিয়েছে। এগুলো বিচার বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। এরপর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানান তিনি।

